# তেরখাদা উপজেলা পরিষদের আগস্ট/২৫ মাসে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতি : জান্নাতুল আফরোজ স্বর্ণা
প্রশাসক
উপজেলা পরিষদ
তেরখাদা, খুলনা।

সভার তারিখ ও সময় : ২৭-০৮-২০২৫ খ্রিঃ, বেলাঃ ১২.০০ ঘটিকা।

সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, তেরখাদা, খুলনা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট - ক)

সভার শুরুতে উপজেলা পরিষদের প্রশাসক ও নির্বাহী অফিসার জনাব জান্নাতুল আফরোজ স্বর্ণা সভায় উপস্থিত উপজেলা প্রশাসনের সকল দপ্তর প্রধানকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি উপস্থিত বিভিন্ন বিভাগীয় কর্মকর্তা ও ইউ,পি চেয়ারম্যানদের জনসেবা অব্যহত রাখার জন্য অনুরোধ জানান। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার এ সভার কার্যক্রম পরিচালনা করেন এবং নির্ধারিত বিষয়ে আলোচনা করার জন্য সকল সম্মানিত সদস্যকে আহবান জানান। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ ও দৃঢ়ীকরণ করা হয়।

সভায় দপ্তর ভিত্তিক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তাবলী গৃহীত হয়।

| ক্রঃ নং | বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১. | সভা ও স্থায়ী কমিটি | উপজেলা পরিষদের প্রশাসক মহোদয় সকল কর্মকর্তাদের দৃষ্টি আকর্ষন করেন, সভার নোটিশ প্রাপ্তির পর সভার কার্যপত্র প্রতি সভায় অবশ্যই দিতে হবে। কোন কর্মকর্তা উপজেলা পরিষদের বিভিন্ন সভায় উপস্থিত হতে না পারলে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে আগেই অবহিত করতে হবে। যে সকল দপ্তর প্রধানগণ উপজেলা পরিষদের ১৭ টি স্থায়ী কমিটির সদস্য-সচিব তারা প্রতি দুই মাসে অন্তত একটি সভা আহবান করে উপজেলা পরিষদকে অবহিত করার ব্যাপারে তিনি অনুরোধ জানান। তিনি প্রতি দুই মাস অন্তর নির্ধারিত তারিখে এ সকল সভা আহবান করতে হবে। তিনি সকল দপ্তর প্রধানদের নিয়মিত ১৭টি স্থায়ী কমিটির সভা করার আহবান জানান। | ১)পরিষদের সভার নোটিশ প্রাপ্তির পর সভার কার্যপত্র প্রণয়ন করতে হবে এবং সরকারি নীতিমালার আলোকে প্রতি দুই মাস অন্তর স্থায়ী কমিটির সভা অনুষ্ঠানের বিষয়ে সংশ্লিষ্ট দপ্তর প্রধান/ সদস্য সচিব ব্যবস্থা নিবেন। প্রথম ৯টি কমিটি প্রতি জোড় মাসে এবং পরবর্তী ৮টি কমিটি প্রতি বিজোড় মাসে সভা করবেন। | সকল দপ্তর প্রধানগণ |
| ০২ | যোগাযোগ ও ভৌত অবকাঠামো | (ক) সভায় উপজেলা নির্বাহী অফিসার মহোদয় সকলের দৃষ্টি আকর্ষণ করে বলেন, উপজেলা নির্বাহী অফিসারে বাস ভবনের বাউন্ডারি ওয়াল রুটিন মেরামত করা প্রয়োজন এবং বাংলোর অভ্যন্তরে রাস্তায় পার্কিং টাইলস স্থাপন করা প্রয়োজন। তিনি বলেন বাসভবনের বাউন্ডারি ওয়ালের রং ক্ষতিগ্রস্থ হওয়ায় রং করা প্রয়োজন। এছাড়াও জলাবদ্ধতা নিরসনে এবং সৌন্দর্য বর্ধনের জন্য রাস্তায় পার্কিং টাইলস স্থাপন করা প্রয়োজন। তিনি এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য অনুরোধ জানান। | (ক)উল্লিখিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় নিম্ন বর্ণিত প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসারে বাসভবনের বাউন্ডারি ওয়াল রং করন ও বাংলোর অভ্যান্তরীণ রাস্তায় পার্কিং টাইলস স্থাপনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ০১ | যোগাযোগ ও ভৌত অবকাঠামো | প্রকল্প: উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের বাউন্ডারি ওয়াল এর মেরামত ও বাংলোর অভ্যন্তরীণ রাস্তায় পার্কিং টাইলস স্থাপন।<br>প্রকল্প মূল্য : ৩,৩০,০০০/-<br>প্রকল্প বাস্তবায়ন কমিটি :<br>জনাব ইকরামুল ইসলাম, ইউপি সদস্য ........................ সভাপতি<br>জনাব খাইরুল মোবারক, শিক্ষক ........................ সেক্রেটারী<br>জনাব শাহীন মোল্যা, গণ্যমান্য ব্যক্তি ........................ সদস্য<br>জনাব মোঃ হেকমত মোল্যা, ইমাম ........................ সদস্য<br>জনাব মোঃ মেহেদী হাসান, সমাজসেবক ................ সদস্য<br>জনাব শরিফা খাতুন, মহিলা সমাজকর্মী ................ সদস্য<br>জনাব মোঃ মুসা কাজী, ভিডিপি সদস্য ................ সদস্য | | উপজেলা প্রকৌশলী |
| ০১ | যোগাযোগ ও ভৌত অবকাঠামো | সভায় উপজেলা নির্বাহী অফিসার মহোদয় সকলের দৃষ্টি আকর্ষণ পূর্বক জেলা প্রশাসকের কার্যালয়ের ১৪ আগস্ট ২০২৫খ্রি. তারিখের ৪৬.৪৪.৪৭০০.০০০.০২৪.১৮.০০৩১.২৫-৫৯১ নং স্মারক পত্রের গুরুত্ব আলোচনা করেন। তিনি বলেন, উপজেলা পরিষদ কমপ্লেক্সের অভ্যন্তরে বিভিন্ন অফিস বাসা বাড়ি, প্যালেক্স, অভ্যন্তরীণ ড্রেন, রাস্তা, মাটিরা ইত্যাদি মেরামতের জন্য স্থানীয় সরকার বিভাগে স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশনা রয়েছে। তিনি এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য অনুরোধ জানান। এ বিষয়ে উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা ও উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা বলেন, উপজেলা পরিষদের প্রশাসনিক-১ ভবনে বর্তমানে উপজেলা শিক্ষা অফিস, উপজেলা মৎস্য, পরিসংখ্যান, পল্লী উন্নয়ন, দারিদ্র্যবিমোচন, সমবায় অধিদপ্তর, খাদ্য অফিস, যুব উন্নয়ন অধিদপ্তরের অফিস রয়েছে। ভবনের দরজা- জানালা পরিবর্তন করাসহ ভবনটি আধুনিকায়ন করা প্রয়োজন।উপজেলা প্রকৌশলী বলেন ভবনটি সংস্কার ও আধুনিকায়নের জন্য ইতোমধ্যে ১৫,৪৯,৭৯৫/- (পনের লক্ষ উনপঞ্চাশ হাজার সাতশত পঁচানব্বই)টাকার একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। তিনি এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য অনুরোধ জানান। | উল্লিখিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের প্রশাসনিক ভবন-১ সংস্কারের নিমিত্ত প্রস্তুতকৃত প্রাক্কলনটি এ সভায় অনুমোদিত হয় এবং বিশেষ বরাদ্দ প্রাপ্তির জন্য স্থানীয় সরকার বিভাগে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |
| ০২ | মৎস্য ও প্রাণি সম্পদ | উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন, দেশিয় প্রজাতির মৎস্য সংরক্ষণে আমাদের সকলকে সচেতন থাকতে হবে। মুক্ত জলাশয়ে কারেন্ট জাল, চায়না জাল, সর্ট লাইট ব্যবহার বন্ধে প্রচারনার জন্য ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানান। তিনি এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য এ সভায় অনুরোধ জানান। | সুষ্ঠুভাবে কার্যক্রম অব্যাহত রাখতে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা |
| ০৪ | কৃষি ও সেচ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন, চলতি মৌসুমে উপজেলার আজগড়া ইউনিয়নে ঘেরের পাড়ে তরমুজ ও রকমেলন উৎপাদনে ব্যপক ফলন হয়েছে। আসন্ন শীত মৌসুমে ও ঘেরের পাড়ে সবজি উৎপাদনের জন্য কৃষকদের উদ্বুদ্ধ করা হচ্ছে। তিনি রাসায়নিক সার ও জৈব সার ব্যবহারে কৃষকদের সচেতনা বৃদ্ধির জন্য জনপ্রতিনিধিদের অনুরোধ জানান। | উল্লিখিত বিষয়ে সকল ইউনিয়ন পরিষদের জনপ্রতিনিধিদের সহযোগীতা করার জন্য অনুরোধ জানিয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা |

ম

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫ | বিবিধ আলোচনা | উপজেলা নির্বাহী অফিসার মহোদয় সভায় উপস্থিত সকলকে অবগত করিয়ে বলেন, উপজেলা পরিষদের জীপগাড়ি টি দীর্ঘদিন মেরামত না হওয়ায় জীপ গাড়িটি সচল রাখার নিমিত্ত মেরামত করা প্রয়োজন। তিনি এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য অনুরোধ জানান। | উল্লিখিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় উপজেলা পরিষদের জীপগাড়ি টি মেরামতের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| ০৬ | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল | সভাপতি ও প্রশাসক উপজেলা পরিষদ মহোদয় সকলের দৃষ্টি আকর্ষণ করে বলেন, উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ৫(গ) নং অনুচ্ছেদের নির্দেশনা উল্লেখ করে বলেন রাজস্ব তহবিলের অব্যয়িত অর্থ প্রতি অর্থ বছরের ৩০ জুনের পর উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলে জমা করার নির্দেশনা রয়েছে। ২০২৪-২০২৫ অর্থ বছরের ৩০ জুন ২০২৫ পর্যন্ত উপজেলা পরিষদের রাজস্ব তহবিলে ৮৭,৭৫,৬৪৭/- (সাতাশি লক্ষ পচাত্তর হাজার ছয়শত সাতচল্লিশ) টাকা স্থিতি রয়েছে। তিনি রাজস্ব তহবিলের ৩০ জুন ২০২৫ পর্যন্ত অব্যয়িত অর্থ উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলে হস্তান্তর করে এ উপজেলার গুরুত্বপূর্ণ উন্নয়ন মূলক কাজ বাস্তবায়ন করা সম্ভব হবে। তিনি ২০২৪-২০২৫ অর্থ বছরের ৩০ জুন ২০২৫ পর্যন্ত উপজেলা পরিষদের রাজস্ব তহবিলে ৮৭,৭৫,৬৪৭/-(সাতাশি লক্ষ পচাত্তর হাজার ছয়শত সাতচল্লিশ) টাকা উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলে স্থানান্তরের সিদ্ধান্ত গ্রহণের জন্য অনুরোধ জানান। | উল্লিখিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে ৩০ জুন ২০২৫ পর্যন্ত উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের ৮৭,৭৫,৬৪৭/-(সাতাশি লক্ষ পচাত্তর হাজার ছয়শত সাতচল্লিশ) টাকা রাজস্ব উদ্বৃত্ত উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের হিসাব নং- ১৭২৫০০১০১৩৭৩৬ সোনালী ব্যাংক তেরখাদা শাখায় স্থানান্তরের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |

**আর্থিক ব্যয় সংক্রান্ত (উপজেলা পরিষদ রাজস্ব তহবিল) ঃ** উপজেলা পরিষদের সম্মানিত প্রশাসক মহোদয় বলেন, জুলাই-২৫ মাসে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নিম্নবর্ণিত দৈনন্দিন ব্যয় এবং বিভিন্ন জরুরী প্রয়োজনীয় ব্যয় মিটানো হয়েছে যা এ সভায় অনুমোদনের প্রয়োজন।

| ক্রঃ নং | বিলের সংক্ষিপ্ত বিবরণ | টাকা |
|---|---|---|
| ১. | দৈনিক ভিত্তিতে কর্মরত পরিচ্ছন্নতাকর্মীর জুন-২৫ মাসের মজুরি প্রদান | ১৪,০০০/- |
| ২. | দৈনিক ভিত্তিতে কর্মরত মালীর জুন-২৫ মাসের মজুরি প্রদান | ১৪,০০০/- |
| ৩. | উপজেলা পরিষদের জুন-২৫ মাসের আনুষাঙ্গিক ব্যয় বিল | ৫,০০০/- |
| ৪. | উপজেলা পরিষদের জুন-২৫ মাসের আপ্যায়ন ব্যয় বিল | ৩০,০০০/- |

**সিদ্ধান্ত ঃ** সভায় উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের উল্লিখিত ব্যয়সমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো।

**সভাপতির বক্তব্য:**

সভাপতি মহোদয়, সভায় উপস্থিত সকল কর্মকর্তা এবং ইউপি চেয়ারম্যানদের শুভেচ্ছা জানান। তিনি উপজেলার সার্বিক বিষয়ে পরামর্শ প্রদানের জন্য এবং সকল বিভাগের কর্মকর্তাদের সঠিক সময়ে অফিসে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ জানান। তিনি উন্নয়ন মূলক কাজের সঠিক তদারকির জন্য উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন। তেরখাদা উপজেলার সকল বিদ্যালয়, মাদ্রাসা এবং কলেজে লেখা পড়ার মান যাতে ঠিক থাকে এ ব্যাপারে উপজেলা শিক্ষা কর্মকর্তা ও মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করেন এবং বলেন তেরখাদা উপজেলার উন্নয়নে আমাদের সকলকে নিরলস ভাবে কাজ করতে হবে।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যকে শুভেচ্ছা জানিয়ে একসঙ্গে কাজ করার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/০৮/২৫

(জান্নাতুল আফরোজ স্বর্ণা)
প্রশাসক
উপজেলা পরিষদ
তেরখাদা, খুলনা।

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
তেরখাদা, খুলনা।

স্মারক নং- উনিঅ/তের/সভা/২০২৫-৫৪২ (৩০) তারিখঃ ১২ ভাদ্র ১৪৩২ / ২৭ আগস্ট ২০২৫ খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্য ঃ-

১। জেলা প্রশাসক, খুলনা।

অবগতি ও কার্যার্থেঃ

২। উপজেলা ..................................................অফিসার, তেরখাদা, খুলনা।

৩। চেয়ারম্যান, আজগড়া/ বারাসাত/ ছাগলাদাহ/ সাচিয়াদাহ/ তেরখাদা/ মধুপুর ইউনিয়ন পরিষদ, তেরখাদা, খুলনা।

৪। অফিস নথি।

27/08/25

উপজেলা নির্বাহী অফিসার
তেরখাদা, খুলনা।

## সভায় উপস্থিত সদস্যবৃন্দঃ
## পরিশিষ্ট-ক

সভার তারিখ-২৭/০৮/২০২৫ খ্রিঃ সময়ঃ বেলা ১২.০০ ঘটিকা।

| ক্রঃ নং | সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ | কর্মকর্তার প্রতিনিধি বৃন্দ |
|---|---|---|
| ০১. | চেয়ারম্যান, ১নং আজগড়া ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০২. | চেয়ারম্যান ০২ নং বারাসাত ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০৩. | চেয়ারম্যান, ৪নং সাচিয়াদহ ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০৪. | চেয়ারম্যান, ৫নং তেরখাদা ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০৫. | চেয়ারম্যান, ৬নং মধুপুর ইউপি, তেরখাদা, খুলনা। | |
| ০৬. | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ০৭. | উপজেলা কৃষি অফিসার, তেরখাদা, খুলনা। | |
| ০৮. | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ০৯. | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ১০. | উপজেলা প্রকৌশলী, তেরখাদা, খুলনা। | |
| ১১. | উপজেলা শিক্ষা অফিসার, তেরখাদা, খুলনা। | |
| ১২. | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ১৩. | উপজেলা সমবায় অফিসার, তেরখাদা, খুলনা। | |
| ১৪. | উপজেলা সমাজসেবা অফিসার, তেরখাদা, খুলনা। | |
| ১৫. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, তেরখাদা, খুলনা | |
| ১৬. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, তেরখাদা, খুলনা | |
| ১৭. | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ১৮. | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), তেরখাদা, খুলনা | |
| ১৯. | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ২০. | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ২১. | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, তেরখাদা, খুলনা | |
| ২২. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, তেরখাদা, খুলনা। | |
| ২৩. | উপজেলা নির্বাচন অফিসার, তেরখাদা, খুলনা। | |
| ২৪. | উপ-বিভাগীয় প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, তেরখাদা, খুলনা। | |
| ২৫. | এজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, তেরখাদা। | |
| ২৬. | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস, তেরখাদা, খুলনা। | |
| ২৭. | ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প | |
| ২৮. | তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প। | |

**সভায় অনুপস্থিত সদস্যবৃন্দ ঃ**

**পরিশিষ্ট-খ**

১. চেয়ারম্যান, ০৩নং ছাগলাদাহ ইউপি, তেরখাদা, খুলনা।
২. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, তেরখাদা, খুলনা
৩. উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, তেরখাদা, খুলনা।
৪. উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, তেরখাদা, খুলনা।
৫. ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক, তেরখাদা, খুলনা।
৬. ভারপ্রাপ্ত কর্মকর্তা, সরকারি খাদ্য গুদাম, তেরখাদা, খুলনা।
৭. ফরেস্টার, বন বিভাগ, তেরখাদা, খুলনা।
৮. ইন্সট্রেক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, তেরখাদা, খুলনা।

CamScanner